

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 08-10-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**State Level Hazagari Festival :**

দুইদিনব্যাপী রাজ্যভিত্তিক ৩৩তম হজাগিরি উৎসব আজ থেকে শুরু হচ্ছে। দক্ষিণ জেলার শান্তিরবাজারে বকাফা আশ্রম ইংলিশ মিডিয়াম দ্বাদশ স্কুল প্রাঙ্গণে সন্ধ্যা ৭ টায় ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশন আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। এই উৎসবে রিয়াংদের ঐতিহ্যবাহী হজাগিরি নৃত্য ছাড়াও থাকবে রাজ্যের অন্যান্য জনগোষ্ঠীর শিল্পীদের পরিবেশিত সাংস্কৃতিক অনুষ্ঠান। রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী মন্ডপও খোলা হবে।

\*\*\*\*\*

**Indian Railway:**

কেন্দ্রীয় মন্ত্রিসভার অর্থনীতি বিষয়ক কমিটি, মোট ২৪ হাজার ৬৩৪ কোটি টাকা ব্যয়ে চারটি রেল প্রকল্প অনুমোদন করেছে। এই চারটি মাল্টি ট্রাকিং প্রকল্প মহারাষ্ট্র, মধ্যপ্রদেশ, গুজরাট ও ছত্রিশগড়ের ১৮টি জেলা জুড়ে রূপায়িত হবে। এর ফলে রেল লাইনের মোট দৈর্ঘ্য প্রায় ৮৯৪ কিলোমিটার বৃদ্ধি পাবে। গতকাল মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব নয়াদিল্লিতে সংবাদ মাধ্যমকে জানান, এই প্রকল্পগুলোর মাধ্যমে ৩ হাজার ৬৩৩ টি গ্রামের সঙ্গে যোগাযোগ ব্যবস্থা উন্নততর হবে। এদিকে প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদী গতকাল সামাজিক মাধ্যমে এক পোস্টে জানিয়েছেন, এই চারটি গুরুত্বপূর্ণ প্রকল্পের অনুমোদনের ফলে হাজার হাজার গ্রাম উপকৃত হবে। পাশাপাশি যাত্রী ও পণ্য পরিবহনের সুবিধা এবং মানুষের কর্মসংস্থানের সুযোগও বৃদ্ধি পাবে।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দু'দিনের মহারাষ্ট্র সফরে যাচ্ছেন। তিনি আজ নবি মুম্বাই আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্বোধন করবেন এবং মুম্বাইয়ে বিভিন্ন প্রকল্পের সূচনা করবেন। আগামীকাল শ্রী মোদী মুম্বাইতে যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী স্যার কিয়ের স্টারমারকে স্বাগত জানাবেন। উভয়ই মুম্বাইয়ে অনুষ্ঠিত সি.ই.ও ফোরামে এবং পরে গ্লোবাল ফিনটেক ফেস্টের ষষ্ঠ সংস্করণে অংশ নেবেন।

\*\*\*\*\*

**Viksit Bharat Buildathon 2025 :**

শিক্ষা মন্ত্রক, বিকশিত ভারত বিল্ডাথন ২০২৫-এর জন্য নিবন্ধনের সময়-সীমা আগামী ১১ই অক্টোবর পর্যন্ত বৃদ্ধি করেছে। অটল ইনোভেশন মিশন, নীতি আয়োগের সহযোগিতায় চালু করা এই উদ্যোগটি একটি দেশব্যাপী উদ্ভাবনী আন্দোলন, যার লক্ষ্য দেশের প্রায় আড়াই লক্ষ স্কুল পড়ুয়াকে এক সঙ্গে যুক্ত করা।

এদিকে, এক ভিডিও বার্তায়, বিকশিত ভারত বিল্ডাথনের ব্র্যান্ড অ্যাম্বাসেডর মহাকাশচারী গ্রুপ ক্যাপ্টেন শুভাংশু শুক্লা বলেছেন, এই বিল্ডাথন ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীদের সৃজনশীলতা প্রদর্শনের জন্য একটি অনন্য প্ল্যাটফর্ম প্রদান করবে। শ্রী শুক্লা আরও বলেন, শিক্ষার্থীদের উদ্ভাবনী চিন্তা করতে হবে এবং বাস্তব জীবনের চ্যালেঞ্জ মোকাবেলায় তৈরি হতে হবে।

\*\*\*\*\*

**India's First 100% Plastic Recyclable Station :**

উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে পরিবেশগত স্থায়িত্ব বৃদ্ধি এবং ভারতীয় রেলওয়ের গ্রীন মিশন ২০৩০-এর লক্ষ্য অর্জনের জন্য একাধিক অগ্রণী পদক্ষেপ শুরু করেছে। এই প্রচেষ্টার মধ্যে রয়েছে গুয়াহাটি রেলওয়ে স্টেশনকে ভারতের প্রথম ১০০ শতাংশ প্লাস্টিক পুনর্ব্যবহারযোগ্য স্টেশন

হিসাবে গড়ে তোলা। এই পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে, অসম দূষণ নিয়ন্ত্রণ বোর্ড এবং আইআইটি গুয়াহাটীর মধ্যে একটি মৌ স্বাক্ষরিত হয়েছে।

\*\*\*\*\*

#### **PMFBY :**

প্রধানমন্ত্রী ফসল বীমা যোজনায় খারিফ মরশুমে আমন ধানের জন্য কৃষকদের বীমার আওতায় নিয়ে আসতে উনকোটি জেলাতে ব্যাপক প্রচার করছে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর। দপ্তরের উপ-অধিকর্তা জানান, জেলায় পনেরো হাজার কৃষককে বীমা করানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। কানি প্রতি দশ টাকা প্রিমিয়াম দিয়ে কৃষকরা নিকটবর্তী কমন সার্ভিস সেন্টারে এই বীমার নথীভুক্তিকরণ করতে পারবেন। নথীভুক্তিকরণের শেষ তারিখ আগামী ১৫ই অক্টোবর।

\*\*\*\*\*

#### **Aadi Karmayogi Abhiyan-South :**

জোলাইবাড়ি ব্লকের পূর্ব পিলাক এডিসি ভিলেজকে আদি কর্মযোগী অভিযান প্রকল্পের দক্ষিণ জেলার পাইলট গ্রাম হিসাবে চিহ্নিত করা হয়েছে। দক্ষিণ জেলার জেলা শাসক মহম্মদ সাজ্জাদ পি গতকাল বিলোনিয়া সার্কিট হাউসে সাংবাদিক সম্মেলনে এখবর জানান।

\*\*\*\*\*

#### **Women Cricket:**

গোয়ালিয়রে আজ থেকে শুরু হচ্ছে মেয়েদের জাতীয় সিনিয়র টি-২০ ক্রিকেটের আসর। এতে এলিট পুলে ত্রিপুরা প্রথম ম্যাচে খেলবে হরিয়ানার বিরুদ্ধে। আসরে ত্রিপুরার গ্রুপে হরিয়ানা সহ রয়েছে হায়দ্রাবাদ, কর্ণাটক, হিমাচল প্রদেশ, ছত্তিসগড়, উড়িষ্যা ও অন্ধ্রপ্রদেশ। রাজ্যদলের নেতৃত্ব দিচ্ছে ঋজু সাহা। এই ম্যাচের মধ্য দিয়ে জাতীয় ক্রিকেটে ত্রিপুরার এবারের অভিযান শুরু হচ্ছে।

\*\*\*\*\*

## Weather :

আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক পশলা বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৭ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত ৩.৬ মিলিমিটার।

\*\*\*\*\*

\*\*\*\*\*